# সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৩৯৪

৮/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮/২৯. মদীনা, সিরিয়া ও (মদীনার) পূর্ব দিকের অধিবাসীদের কিবলা, পূর্বে বা পশ্চিমে কিবলা নয়।

بَاب قِبْلَةِ أَهْلِ الْمَدِينَةِ وَأَهْلِ الشَّأْمِ وَالْمَشْرِقِ لَيْسَ فِي الْمَشْرِقِ وَلاَ فِي الْمَغْرِبِ قِبْلَةٌ

আরবী

عَلِيُّ بْنُ عَبْدِ اللهِ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ حَدَّثَنَا الزُّهْرِيُّ عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ اللَّيْثِيِّ عَنْ أَبِي أَيُّوبَ الأَنْصَارِيِّ أَنَّ النَّبِيَّ قَالَ إِذَا أَتَيْتُمْ الْغَائِطَ فَلاَ تَسْتَقْبِلُوا الْقِبْلَةَ وَلاَ تَسْتَدْبِرُوهَا وَلَكِنْ شَرِّقُوا أَوْ غَرِّبُوا
قَالَ أَبُو أَيُّوبَ فَقَدِمْنَا الشَّأْمَ فَوَجَدْنَا مَرَاحِيضَ بُنِيَتْ قِبَلَ الْقِبْلَةِ فَنَنْحَرِفُ وَنَسْتَغْفِرُ اللهَ تَعَالَى وَعَنْ الزُّهْرِيِّ عَنْ عَطَاءٍ قَالَ سَمِعْتُ أَبَا أَيُّوبَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِثْلَهُ.

বাংলা

لِقَوْلِ النَّبِيِّ صلى الله عليه وسلم لاَ تَسْتَقْبِلُوا الْقِبْلَةَ بِغَائِطٍ أَوْ بَوْلٍ وَلَكِنْ شَرِّقُوا أَوْ غَرِّبُوا.

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা পায়খানা বা পেশাব করতে ক্বিবলা (কিবলা/কেবলা)মুখী হবে না, বরং তোমরা (উত্তর অঞ্চলের অধিবাসীরা) পূর্বদিকে কিংবা পশ্চিম দিকে মুখ ফিরাবে।

---

৩৯৪. আবূ আইয়ূব আনসারী (রাযি.) হতে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন তোমরা পায়খানা করতে যাও, তখন ক্বিবলাহর (কিবলা/কেবলা) দিকে মুখ করবে না কিংবা পিঠও দিবে না, বরং তোমরা পূর্ব দিকে অথবা পশ্চিম দিকে ফিরে বসবে।

আবূ আইয়ূব আনসারী (রাযি.) বলেনঃ আমরা যখন সিরিয়ায় এলাম তখন পায়খানাগুলো ক্বিবলা (কিবলা/কেবলা)মুখী বানানো পেলাম। আমরা কিছুটা ঘুরে বসতাম এবং আল্লাহ তা'আলার নিকট তওবা ইসতিগফার করতাম। যুহরী (রহ.) 'আত্বা (রহ.) সূত্রে বর্ণনা করেন যে, আমি আবূ আইয়ূব (রাযি.)-কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট হতে অনুরূপ বর্ণনা করতে শুনেছি। (১৪৪) (আধুনিক প্রকাশনীঃ ৩৮০,

ইসলামিক ফাউন্ডেশনঃ ৩৮৬)

## English

(29) Chapter: The Qiblah for the people of Al-Madina, Sham and the East.

Narrated Abu Aiyub Al-Ansari:

The Prophet (ﷺ) said, "While defecating, neither face nor turn your back to the Qibla but face either east or west." Abu Aiyub added. "When we arrived in Sham we came across some lavatories facing the Qibla; therefore we turned ourselves while using them and asked for Allah's forgiveness."

### হাদিসের শিক্ষা

হাদীসের শিক্ষা

১. পেশাব-পায়খানার সময় কিবলামুখী হয়ে বা কিবলার দিকে পিছন দিয়ে থাকা নিষেধ। অধিকাংশ আলেম এ নিষেধাজ্ঞাকে হারাম হিসেবে ধরেছেন। এ মতের পক্ষে ছিলেন, সাহাবী আবু আইয়াব আল আনসারী রাদ্বিয়াল্লাহু 'আনহু, মুজাহিদ, নাখায়ী, সাওরী, ইবন হাযম, ইবন তাইমিয়্যাহ, ইবনুল কাইয়্যেম প্রমুখ

২. এ নিষেধাজ্ঞা ঘর কিংবা খালিস্থান উভয়কে অন্তর্ভুক্ত করে।

৩. কা'বার সম্মান ও মর্যাদা প্রতিষ্ঠাকরণ।

৪. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উত্তম শিক্ষাদান পদ্ধতি। তিনি নিষিদ্ধ জিনিস জানানোর পরে যা করা বৈধ তা জানিয়ে দিলেন।

৫. পেশাব ও পায়খানা অবস্থায় সূর্য কিংবা চন্দ্রের মুখোমুখী হয়ে বসা কিংবা পিছন দিয়ে বসা বৈধ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=24230

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন